[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]/[redacted]

[redacted]

[redacted]

চলাফেরা করতে হবে, অন্য সকলকে সচেতন করতে হবে তাইলেই এই প্রাণঘাতী করোনা ভাইরাস রোধ করা সম্ভবতর হবে।
তিনি আরও বলেন, আপনারা আমাকে মেয়র বানিয়েছেন, তাই আমার দায়িত্ব আপনাদের ভালো, মন্দ দেখার।
আপনারা ভালো থাকলে আমি ভালো থাকবো, আর যদি মানুষই মরে যায়, তাহলে আমি কিসের মেয়র? তাই আপনারা সরকারের দেওয়া নির্দেশ গুলো মেনে সরকারকে সহযোগিতা করুন এবং এই প্রাণঘাতী ভাইরাস থেকে নিজেকে সুস্থ রাখুন।

মেহেরপুরে করোনা প্রতিরোধ কমিটির কার্যক্রম নিয়ে সাবেক এমপি জয়নালের উদ্বেগ

মেহেরপুরে করোনা প্রতিরোধ কমিটির কার্যক্রম নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন সাবেক এমপি ও জেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি জয়নাল আবেদীন।

তিনি রবিবার রাতে মেহেরপুর প্রতিদিনকে দেওয়া এক বিবৃতিতে তিনি উদ্বেগ প্রকাশ করেন। একই সঙ্গে তিনি তাঁর ফেসবুক ওয়ালেও স্ট্যাটাস দিয়েছেন। যা হুবুহু প্রকাশ করা হলো।

“প্রিয় মেহেরপুরবাসী, আসসালামু আলাইকুম।
আশা করি পরম করুণাময় আল্লাহর অশেষ রহমতে সুস্থ থাকলেও আমার মনে হয় করোনার প্রভাবে কিছুটা মানসিক দুর্দশাগ্রস্ত ও অস্বস্তিতে ভুগছেন।

দীর্ঘদিন পরে আজ আপনাদের সামনে উপস্থিত হয়েছি দুটি জরুরি কথা বলার জন্য। ইতিমধ্যে আপনারা অবগত হয়েছেন যে, ১৭ নভেম্বর ২০১৯ তারিখ চীনের উহান, হুবেই (Wuhan, Hubei) প্রদেশে ‘করোনা ভাইরাস’ নামক রোগে আক্রান্ত হয়েছে, মৃত্যুবরণও করেছে। তখন গোটা বিশ্ব এটাকে ততটা আমলে নেয়নি।

ঠিক এর ৭৩ দিন পর জাতি সংঘের সহযোগী সংস্থা যার প্রধান কার্যালয় জেনেভা থেকে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ৩১ জানুয়ারি ২০২০

কমিটিগুলোর অতি দ্রুত মাইকিং ও কেবল নেটওয়ার্ক এর মাধ্যমে জনগণকে অবহিত করা অত্যন্ত জরুরি বলে আমি মনে করি।

সবাই সুস্থ থাকুন, সচেতন থাকুন।
আপনাদের দোয়া ও আশীর্বাদ কামনা করি।”

করোনা ভাইরাসে উদ্বিগ্ন হয়ে আত্মহত্যা জার্মানির এক অর্থমন্ত্রীর

জার্মানিতে হেসে প্রদেশের অর্থমন্ত্রী টমাস শাফেরের আত্মহত্যার পর এখন জানা গেছে করোনাভাইরাসের অর্থনৈতিক পরিণতি নিয়ে তিনি দিনকে দিন উদ্বিগ্ন হয়ে পড়ছিলেন।

হেসে প্রদেশের মুখ্যমন্ত্রী ভলকার বুফেরকে উদ্ধৃত করে জার্মান মিডিয়ায় খবর বেরিয়েছে যে করোনাভাইরাসের পরিণতিতে অর্থনৈতিক চাপ কীভাবে সামাল দেওয়া যাবে তা নিয়ে মন্ত্রী শেফার খুবই উদ্বিগ্ন হয়ে পড়েছিলেন। সূত্র: বিবিস বাংলা

এক বিবৃতিতে মি বুফের বলেছেন, “অর্থনৈতিক সহযোগিতা নিয়ে মানুষের মধ্যে যে প্রবল চাহিদা তৈরি হয়েছে, সেটা তিনি পূরণ করতে পারবেন কিনা তা নিয়ে তিনি (মন্ত্রী টমাস শাফের) উদ্বিগ্ন হয়ে পড়ছিলেন।”

ফ্রাঙ্কফুর্ট এবং মাইনয শহরের মাঝামাঝি হোকহাইম নামে একটি শহরে রেললাইনের ওপর থেকে পুলিশ গতকাল (শনিবার) তার মৃতদেহ খুঁজে পায়। পুলিশ মনে করছে মি. শাফের আত্মহত্যা করেছেন।

জার্মান দৈনিক ফ্রাঙ্কফুর্টার আলেমাইনে সাইটুং নির্ভরযোগ্য সূত্র উদ্ধৃত করে লিখেছে মৃত্যুর আগে তার আত্মহত্যার কারণ লিখে গিয়েছেন মি শাফের।

৫৪ বছরের টমাস শাফের ১০ বছর ধরে হেসের অর্থমন্ত্রী ছিলেন। তাকে এই প্রদেশের পরবর্তী মুখ্যমন্ত্রী হিসাবে দেখা হতো।

করোনাভাইরাসে ক্ষতিগ্রস্তদের অর্থনৈতিক সহযোগিতা প্যাকেজ নিয়ে গত বেশ কয়েকদিন ধরে তিনি মাঝে মধ্যেই জনগণের উদ্দেশ্যে মিডিয়াতে কথা বলতেন।

অর্থনৈতিক দিক দিয়ে হেসে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি প্রদেশে। জার্মানির অর্থনৈতিক রাজধানী হিসাবে কথিত ফ্রাঙ্কফুর্ট এই প্রদেশেরই একটি শহর।

মুখ্যমন্ত্রী ভলকার বুফের বলেছেন মি শাফের সম্প্রতি করোনাভাইরাসে ক্ষতিগ্রস্তদের জন্য সাহায্যের প্যাকেজ নিয়ে ‘দিন-রাত’ কাজ করছিলেন।

প্রয়াত মি. শাফের চ্যান্সেলর মের্কেলের দল ক্রিশ্চিয়ান ডেমোক্র্যাট (সিডিইউ) পার্টির একজন গুরুত্বপূর্ণ রাজনীতিক ছিলেন।

ইভটিজিং এর প্রতিবাদ করায় ভাই ও চাচাকে জখম

মেহেরপুরের গাংনী উপজেলার বাথানপাড়া গ্রামে উত্যক্ত করার প্রতিবাদ করায় মেয়ের মামাতো ভাই ও মেয়ের আপন চাচাকে দা ও ইট দিয়ে আঘাত করে মারাত্মক জখম করে। আহত মেয়ের চাচা ঐ গ্রামের ফজলু বিশ্বাসের ছেলে কৃষক শরিফুল ইসলাম ও মামাতো ভাই মুন্নাফের ছেলে রাজন। আহত রাজন হেমায়েতপুর বাজারের ওষুধ ব্যবসায়ী।

আহত সুত্রে জানা যায়, বেশ কিছুদিন ধরে নবম শ্রেনী পড়ুয়া ছাত্রীকে স্কুল যাওয়ার পথে উত্যক্ত করে আসে একই গ্রামের আনারুল ইসলামের ছেলে লেগুনা চালক জাকিরুল ইসলাম। উত্যক্ত না করতে এর আগেও মেয়ে পরিবার একাধিকবার নিষেধ করা সত্বেও সে নিষেধ অমান্য করে উত্যক্ত করা অব্যাহত রাখে। উত্যক্তের শিকার মেয়েটি রাইপুর মাধ্যমিক বিদ্যালয়ের নবম শ্রেনীর ছাত্রী।

ঘটনার দিন বিকেলে উত্যক্তকারির অভিভাবকদের বিষয়টি জানাতে গেলে,

মেয়ের বাবা সেলিমকে মারধর শুরু করে। মারধরের একপর্যায়ে জাকিরুলের চাচা মৃত আজিজারের ছেলে সানোয়ার হোসেন ও আনোয়ার হোসেন দলবল নিয়ে শরিফের মাথায় ও হাতে কোপ মারে বলে জানায় আহতদের লোকজন।

এ সময় রাজন প্রতিবাদ করতে গেলে তাকেও ইট দিয়ে মাথায় আঘাত করে। পরে স্থানীয়রা আহতদের উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে শরিফের অবস্থা গুরুতর হলে তাকে কুষ্টিয়া সরকারি মেডিক্যাল কলেজে রেফার্ড করা হয় রাজনকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এ বিষয়ে অভিযোগ পেয়েছি মামলা হবে।

লকডাউনে সুস্থ থাকার উপায়

মহামারি করোনাভাইরাস তাণ্ডব চালাচ্ছে বিশ্বজুড়ে। দেশে দেশে চলছে লকডাউন৷ সংক্রমণ ঠেকাতে সবাইকে বলা হচ্ছে বাসায় থাকতে৷ কিন্তু এই অবস্থায় শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকার উপায় কী?

১) দিনের নিয়ম ঠিক রাখুন

বাসায় বসে অফিস করুন, বা ছুটিই কাটান, স্বাভাবিক নিয়ম থেকে বের হয়ে গেলে শরীর-মনে তার বাজে প্রভাব পড়তে পারে৷ ফলে শরীরের ঘড়ি ঠিক রাখার জন্য সঠিক সময়ে ঘুম থেকে ওঠা, গোসল করা, খাওয়া খুবই গুরুত্বপূর্ণ৷

২) সুষম খাবার খান

এই সময়ে কেবল শারীরিক নয়, মানসিকভাবেও চাঙ্গা থাকা দরকার৷ তাই শুধু সুস্বাদু নয়, বরং শরীরে রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে সক্ষম, এমন খাবার বেশি করে খান৷

৩) ঘুমের ওপর গুরুত্ব দিন

বাসার বাইরে যেতে হচ্ছে না বলেই ইচ্ছে মতো রাত জাগা বা দেরি করে

ওঠা আপনাকে বিধ্বস্ত করে দিতে পারে৷ ফলে ঠিক সময়ে ঘুমাতে যান, ঠিক সময়ে উঠুন৷ ঘুম যাতে পর্যাপ্ত হয়, সেদিকে বিশেষ নজর দিন৷

৪) ব্যায়াম করুন

বাসার বাইরে বের না হওয়া মানে স্বাভাবিক হাঁটাচলাও বন্ধ হয়ে যাওয়া৷ ফলে বাসাতেই ফ্রি হ্যান্ড ব্যায়াম করে নিন৷ প্রয়োজনে ইউটিউবের সাহায্য নিয়ে নতুন কিছু যোগাসনও শিখে নিতে পারেন৷ এতে শরীর থাকবে চাঙ্গা, মন থাকবে ফুরফুরে৷

৫) বিকল্প সামাজিক যোগাযোগ

বাইরে গিয়ে সশরীরে বন্ধুদের সঙ্গে যোগাযোগ করতে না পারলেও অনলাইনেই বন্ধুদের সঙ্গে জমিয়ে আড্ডা দিন৷ তথ্যপ্রযুক্তির এই যুগে আমরা এমনিতেই অনেক বেশি পরস্পরের সঙ্গে ইন্টারনেটের মাধ্যমে সংযুক্ত৷ এর পুরো সুবিধা নেয়ার সময় এখনই৷

৬) শখের সময়

অনেকের অনেক ধরনের শখ থাকে৷ কেউ বাগান করতে পছন্দ করেন, কেউ গান গাইতে, কেউ ছবি আঁকতে৷ এ সময়ে নিজেকে আরো ঝালিয়ে নিন৷ লকডাউন শেষ হতে হতে হয়তো আপনি দক্ষ শিল্পী হয়ে উঠতে পারেন৷

সূত্র- ডি ডব্লিউ।

মেহেরপুরে ১১ মামলার আসামী হেরোইনসহ আটক

মেহেরপুরে ২৬ গ্রাম হেরোইনসহ ১১ মামলার আসামী আমিরুল কে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার বিকালে মেহেরপুর শহরের পশুহাট এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক আমিরুল পশুহাট পাড়ার আবু হানিফের ছেলে।

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, মেহেরপুর শহরে অভিযান চালিয়ে পশুহাট এলাকা থেকে আমিরুল নামের এক মাদক ব্যবসায়ীকে ২৬ গ্রাম হেরোইনসহ আটক করা হয়।

তার বিরুদ্ধে ১১টি মাদকের মামলা রয়েছে।

মেপ্র/এমএফআর

আত্রাইয়ে স্বেচ্ছাসেবকলীগ নেতার লাশ উদ্ধার

নওগাঁর আত্রাইয়ে থানা আওয়ামী স্বেচ্ছাসেবকলীগের ক্রিয়া বিষয়ক সম্পাদক আব্দুর রাজ্জাক (৪৫) এর মরদেহ উদ্ধার করেছে থানা পুলিশ।

শনিবার দিবাগত রাত ১০টায় উপজেলার ভরতঁতুলিয়া গ্রামের সেভেন স্টার শপিং মলের পাশ থেকে তার লাশ উদ্ধার করা হয়। তিনি উপজেলার ভরতঁতুলিয়া গ্রামের নাছির উদ্দিনের ছেলে।

নিহতের পরিবার জানায়, শনিবার সন্ধ্যায় আব্দুর রাজ্জাক বাড়ি থেকে মোটরসাইকেল নিয়ে বের হয়ে যায়। রাত ১০টায় ভরতঁতুলিয়া গ্রামের সেভেন স্টার শপিং মলের পাশে লাশ পড়ে থাকতে দেখে স্থানীয়রা থানায় খবর দেয়।

আত্রাই থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোসলিম উদ্দিন বলেন, লাশ উদ্ধার করে ময়না তদন্তের জন্য রোববার সকাল নওগাঁ মর্গ প্রেরণ করা হয়েছে। মাথার পেছনে আঘাতের চিহ্ন আছে। দূর্ঘটনাজনিত আঘাত বা অন্যকোন কারণ হতে পারে।

তবে ময়না তদন্তের রির্পোট পেলে প্রকৃত বিষয় জানা যাবে। ঘটনায় থানায় অপমত্যুর মামলা হয়েছে।

সিঙ্গাপুরে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আজ একজনের মৃত্যু

আজ ৭০ বছর বয়স্ক একজন সিঙ্গাপুরিয়ান করোনাভাইরাসে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেন। তিনি ২৭ দিন আইসিইউতে চিকিৎসাধীন ছিলেন৷ এই নিয়ে সিঙ্গাপুরে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে ৩ জনের মৃত্যু হলো।

উল্লেখ্য, করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২১ শে মার্চ শনিবার ৭৫ বয়স বয়স্ক একজন সিঙ্গাপুরীয়ান ও ৬৪ বছর বয়স্ক একজন ইন্দোনেশিয়ান মারা গিয়েছিলেন।

এদিকে, সিঙ্গাপুরে করোনা ভাইরাসের কমিউনিটি ব্রেকডাউন এর সম্ভাবনা কমানোর জন্য সরকার প্রায় প্রতিদিন নতুন কোন পদক্ষেপ নিচ্ছে।এর মধ্যে কয়েকটি তুলে ধরছি।

১।প্রথম দিকে নেয়া পদক্ষেপগুলোর মাঝে অন্যতম ছিল মাস ফেভার স্ক্রিনিং। সেসময় অনেক গুরুত্বপূর্ন স্থাপনার প্রবেশপথে মাস টেম্পারেচার স্ক্রিনিং মেশিন স্থাপন করা হয় যেটার মাধ্যমে সয়ংক্রিয়ভাবে বডি টেম্পারেচার কম্পিউটারে চলে যেত।

২। প্রতিটি অফিসে কর্মরত স্টাফদের দিনে দুইবার ননকন্টাক্ট থার্মোমিটারের মাধ্যমে টেম্পারেচার রিডিং নিয়ে রেকর্ড রাখা হয়।

৩। কোথাও কোন করোনা আক্রান্ত রোগি সনাক্ত হলে সেই যায়গাটিকে ডিজইনফেকশন করা হয়।

৪। তার পরবর্তী ধাপে অনেক অফিসে স্টাফ রোটেশন করা হয়। স্টাফদের দুইভাগে বিভক্ত করে এক দল যখন অফিসে কাজ করবে অন্যদল তখন বাসায় থেকে কাজ করবে।

৫। কন্টাক্ট ট্রেসিং◌ঃ ভাইরাসে আক্রান্ত রুগী গত কয়েকদিনে কোন কোন স্থানে গিয়েছে কাদের সাথে মিশেছে এই ধরনের সম্ভাব্য তালিকা করে তাদের আইসোলেশনের ব্যবস্থা করা হয়।

৬। প্রথমে এয়ারপোর্টে নির্দিষ্ট কয়েকটি শহর থেকে আগত যাত্রীদের আগমন এবং ট্রাঞ্জিট নিষেধাজ্ঞা জারি করা হয় । এই আওতার বাহিরে রাখা হয় যারা স্থায়ীভাবে বাস করে বা রেসিডেন্টদের।

মেহেরপুরে ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে – চালক নিহত

মেহেরপুর সদর উপজেলার চাঁদবিল গ্রামে ইজিবাইক নিয়ন্ত্রণ হারিয়ে খাদে পড়ে যায়। এতে ঘটনাস্হলেই চালকের মৃত্যু হয়৷

নিহত ইজিবাইক চালক চাঁদবিল গ্রামের হারান শেখের ছেলে রহিদ শেখ (৫০)।

গত শনিবার দুপুরে হারান শেখ চাঁদবিল মোড়ে দুর্ঘটনার শিকার হন।

পরে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়৷

আজ রবিবার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

স্থানীয় সুত্রে জানা যায়, শনিবার দুপুরে মেহেরপুর থেকে বাড়ির উদ্দেশ্যে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। সেখান থেকে তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে যাওয়া হয়।